



মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, চট্টগ্রাম।

সিডিএ এডিনিউ, মুরাদপুর, পাঁচলাইশ, চট্টগ্রাম।

www. bise-ctg.gov.bd



স্মারক নম্বর- চশিবো/বিদ্যা:/বিজ্ঞপ্তি/১৫/২০১৩/৬০৮৫ (২)

তারিখ : ২৩/০৬/২০২২ খ্রিঃ

২০২২-২০২৩ শিক্ষাবর্ষে ৯ম শ্রেণীর রেজিস্ট্রেশন সংক্রান্ত বিজ্ঞপ্তি

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, চট্টগ্রাম এর আওতাধীন অনুমোদিত মাধ্যমিক বিদ্যালয়, উচ্চ মাধ্যমিক বিদ্যালয় ও স্কুল এন্ড কলেজ প্রধানকে জানানো যাচ্ছে যে, জেএসসি পরীক্ষায় উত্তীর্ণ ২০২২-২০২৩ শিক্ষাবর্ষে ৯ম শ্রেণীতে অধ্যয়নরত শিক্ষার্থীদের অনলাইনে রেজিস্ট্রেশন কার্যক্রম নিম্নলিখিত নির্দেশাবলী অনুসরণ করে সম্পন্ন করার অনুরোধ করা হল।

১। ফি এর হার (প্রতি শিক্ষার্থী)

ক্রমিক	খাতের বিবরণ	ফি-এর হার	মন্তব্য
০১	রেজিস্ট্রেশন ফি (জনপ্রতি)	১০০/-	শিক্ষা মন্ত্রণালয়ের ১৭/১২/২০২০ তারিখের স্মারক নং-৩৭.০০.০০০০.০৭২.৪৪.০২২.১৭.৪৩৬ অনুযায়ী ৯ম ও ১০ম শ্রেণীতে (২০+২০)= ৪০/- টাকা রেড ক্রিসেন্ট ফি আদায় করে আদায়কৃত অর্থের ৪০% অর্থাৎ ১৬/- (ষোল) টাকা শিক্ষা বোর্ডে প্রেরণ ও অবশিষ্ট ৬০% অর্থাৎ ২৪/- টাকা শিক্ষা প্রতিষ্ঠানে (আলাদা একাউন্টে) যুব রেড ক্রিসেন্ট কার্যক্রম পরিচালনার জন্য রাখতে হবে।
০২	বিলম্ব ফি (জনপ্রতি)	১০০/-	
০৩	ক্রীড়া ফি (জনপ্রতি)	৫০/-	
০৪	স্কাউট/গার্লস গাইড ফি (জনপ্রতি)	১৫/-	
০৫	রেডক্রিসেন্ট ফি	১৬/-	
০৬	বি.এন সি.সি	৫/-	
০৭	বিজ্ঞান ও প্রযুক্তি ফি (জনপ্রতি)	১০/-	
০৮	জাতীয় অন্ধ কল্যাণ ফি (জনপ্রতি)	০৫/-	
০৯	জাতীয় ক্রীড়া এ্যাফিলিয়েশন ফি (প্রতিষ্ঠান প্রতি)	৩০০/-	


বিলম্ব ফি ছাড়া জনপ্রতি ২০১/- (দুইশত এক) টাকা এবং বিলম্ব ফি সহ ৩০১/- (তিনশত এক) টাকা ফি প্রদান করতে হবে।

২। eSIF পূরণ (রেজিস্ট্রেশন) ও অনলাইন পেমেন্ট/টি.টি (T.T) করার সময়সূচি

১। eSIF পূরণ ও অনলাইন পেমেন্ট/টি.টি (T.T) করার তারিখ : ২৬/০৬/২০২২ হতে ২১/০৭/২০২২
২। বিলম্ব ফি সহ eSIF পূরণ ও অনলাইন পেমেন্ট/ টি. টি (T.T) করার তারিখ : ২৪/০৭/২০২২ হতে ০৮/০৮/২০২২
৩। অনলাইনে শিক্ষার্থীদের ছবি, বিষয় ইত্যাদি সম্পর্কিত তথ্যের ভুলত্রুটি সংশোধনের তারিখ : ১০/৮/২০২২ হতে ১৮/৮/২০২২
৪। শিক্ষার্থী ও প্রতিষ্ঠান প্রধানের স্বাক্ষরযুক্ত eSIF প্রিন্ট আউট সরাসরি জমাদানের তারিখ : ২১/০৮/২০২২ হতে ২৫/০৮/২০২২


নির্দেশনাবলী

- ১। অনলাইনে রেজিস্ট্রেশন করার জন্য বোর্ডের ওয়েবসাইটে প্রবেশ করে এসএসসি eSIF কর্ণারে ক্লিক করে eSIF পূরণ করতে হবে।
- ২। শিক্ষার্থীদের রেজিস্ট্রেশন ফি সচিব, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, চট্টগ্রাম এর অনুকূলে হিসাব নং-SND-59, সোনালী ব্যাংক, বহদুরহাট শাখা, চট্টগ্রাম বরাবর নির্ধারিত সময়ে সোনালী ব্যাংকের যে কোন শাখার মাধ্যমে (বহদুরহাট শাখা ব্যতীত) টি.টি করতে হবে। এ ছাড়াও উক্ত হিসাবের অনুকূলে বিকাশ, রকেট, ইসলামী ব্যাংক, টি-ক্যাশ, শিওর ক্যাশ, নগদ, ডিবিএল নেব্রাস পে, ভিসা, মাস্টার কার্ড অনলাইন পেমেন্ট সিস্টেম এর মাধ্যমে নির্ধারিত ফি প্রদান করা যাবে।
- ৩। অনলাইন পেমেন্ট করার নিয়ম - "অনলাইনের মাধ্যমে পেমেন্ট করুন" এই লিখাটিতে ক্লিক করতে হবে। তারপর স্কুলের EHN, শিক্ষার্থীর সংখ্যা এবং প্রতিষ্ঠান প্রধানের মোবাইল নম্বর প্রদান করে পেমেন্ট সম্পন্ন করতে হবে।
- ৪। প্রিন্ট আউট জমাদানের সময় টি টি ভাউচারের/অনলাইন পেমেন্টের সত্যায়িত কপি উপজেলা/জেলা/মেট্রোপলিটন এলাকা পর্যায়ে স্কাউট ফি ও বিশ্ব স্কাউট সংস্থার বার্ষিক সদস্য ফি পরিশোধের সত্যায়িত কপি বিদ্যালয় শাখায় জমা দিতে হবে।
- ৫। তাঁর প্রতিষ্ঠানে ভর্তি বহির্ভূত/জেএসসি পরীক্ষায় অনুত্তীর্ণ কোন শিক্ষার্থীর রেজিস্ট্রেশন করা হয় নি মর্মে প্রতিষ্ঠান প্রধানের প্রত্যয়ন পত্র জমা দিতে হবে।
- ৬। ০১ জানুয়ারি ২০২২ খ্রিঃ তারিখে ৯ম শ্রেণীতে অধ্যয়নরত শিক্ষার্থীদের বয়স ১২ থেকে ১৮ বছরের মধ্যে হতে হবে।
- ৭। শিক্ষার্থীদের রেজিস্ট্রেশনের জন্য তথ্য আপলোড করার লক্ষ্যে স্ব স্ব প্রতিষ্ঠানের শিক্ষকদের সমন্বয়ে কমিটি গঠন করে প্রয়োজনীয় স্বাস্থ্যবিধি পালন করে রেজিস্ট্রেশন কার্যক্রম সম্পন্ন করতে হবে। অনলাইনে রেজিস্ট্রেশন সম্পন্ন হবার পর চূড়ান্ত তালিকা ফাইনাল সাবমিটের পূর্বে দায়িত্বপ্রাপ্ত শিক্ষকদের দ্বারা বিদ্যালয়ে রক্ষিত ভর্তি ফরম ও সনদের সাথে মিলিয়ে ভালভাবে যাচাই করতে হবে। নিশ্চিত হবার পর ফাইনাল সাবমিট করতে হবে।
- ৮। জেএসসি অনুত্তীর্ণ, নির্ধারিত বয়সসীমা না মানা, দ্বৈত রেজিস্ট্রেশন করাসহ যে কোন ধরনের ত্রুটিপূর্ণ রেজিস্ট্রেশন এর ব্যাপারে শিক্ষা প্রতিষ্ঠানসমূহকে অধিকতর সতর্কতা অবলম্বন করার জন্য বলা হল। উক্ত রূপ যে কোন অনিয়মের ক্ষেত্রে সংশ্লিষ্ট প্রতিষ্ঠান ও প্রতিষ্ঠান প্রধান দায়ী থাকবেন এবং এ ক্ষেত্রে বিধি মোতাবেক কঠোর ব্যবস্থা গ্রহণ করা হবে।


(ড. বিপ্লব গাজ্জলী)
বিদ্যালয় পরিদর্শক

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড

চট্টগ্রাম।


২৬/৬/২০২২